



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ১৪৫১


তারিখ: ২৩-০১-২০২২ খ্রি.

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি/ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

সূত্র: ১। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭, তারিখ: ২২/১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটার্নিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পত্র অনুযায়ী ২১/০১/২০২২ খ্রি. হতে ০৬/০২/২০২২ খ্রি. পর্যন্ত সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। ফলে অত্র বোর্ডের আওতাধীন যে সমস্ত প্রতিষ্ঠানে গভর্নিংবডি/ম্যানেজিং কমিটির নির্বাচন কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে, যা এখনো সম্পন্ন হয়নি উক্ত নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম যেখানে যে অবস্থায় রয়েছে সেভাবে থাকবে/বন্ধ থাকবে। Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No XXXIII of 1961) এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো। এ বিষয়ে করণীয় পরবর্তী সময়ে বোর্ড কর্তৃক জানিয়ে দেয়া হবে।


২৩/০১/২২
প্রফেসর নেহাল আহমেদ
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা